৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিএমডি-০৩/২০১৯

তারিখ ঃ ১৭ আষাঢ়, ১৪২৬
১ জুলাই, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**প্রাতিষ্ঠানিক অর্থ দ্বারা সঞ্চয়স্কিম ক্রয়ের ক্ষেত্রে সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ যথাযথভাবে অনুসরণ।**

শীর্ষক বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯/০৫/২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০২.১৮-১৯১ নং স্মারকের নির্দেশক্রমে অবহিত করা যাচ্ছে যে,

১) অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএমএস) শীর্ষক কর্মসূচীর আওতায় প্রণীত "জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম" -এর মাধ্যমে বর্তমানে ঢাকাসহ দেশের সকল বিভাগীয় শহরে এবং ৩০,জুন ২০১৯ তারিখে দেশের সকল স্থানে এই সিস্টেম চালু করা হয়েছে।

২) এ সিস্টেম হতে প্রাপ্ত দৈনিক বিবরণী পর্যালোচনা করে দেখা যাচ্ছে, বিভিন্ন প্রতিষ্ঠানের এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডের নামে বড় অংকের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগ করা হচ্ছে। কিন্তু, সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭-এর বিধি-৫ এর উপবিধি-৫ অনুযায়ী কর কমিশনারের প্রত্যয়ন গ্রহণপূর্বক 'আয়কর বিধিমালা ১৯৮৪(পার্ট-II)-এ সংজ্ঞায়িত স্বীকৃত ভবিষ্যৎ তহবিলের অর্থ দ্বারা এবং একই বিধির উপবিধি-৬ অনুযায়ী উপকর কমিশনারের প্রত্যয়ন সাপেক্ষে 'আয়কর অধ্যাদেশ, ১৯৮৪-এর ৬ষ্ঠ তফসিল-এর প্যারাগ্রাফ-৩৪ এ বর্ণিত নির্দিষ্ট কৃষিভিত্তিক কয়েকটি ফার্মের আয় দ্বারা ৫-বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র ক্রয় করা যাবে। সঞ্চয়পত্রের উচ্চসুদের হারের কারণে প্রাতিষ্ঠানিক তহবিল দ্বারা সঞ্চয়স্কিম ক্রয়ের ক্ষেত্রে সুযোগের অপব্যবহার না করা হয় সে বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।

৩) বর্ণিত প্রেক্ষাপটে, অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা(পিইএমএস) শীর্ষক কর্মসূচীর আওতায় প্রণীত "জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম" -এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক তহবিল দ্বারা সঞ্চয়স্কিম ক্রয়ের ক্ষেত্রে 'সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭' যথাযথভাবে অনুসরণের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১
ই-মেইলঃ khurshid.alam@bb.org.bd